দৈনিক
ইনকিলাব

তারিখ 11 FEB 2015
পৃষ্ঠা -৩- কলাম -৭-

# ঢাবিতে সহাবস্থান দাবি শিক্ষকদের

স্টাফ রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষার্থীদের শান্তিপূর্ণ সহাবস্থানের দাবি জানিয়েছে বিএনপি-জামায়াত সমর্থিত সাদা দলের শিক্ষকরা। গতকাল (মঙ্গলবার) এক বিবৃতিতে শিক্ষকরা বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় ভিন্নমতের লালন, ভিন্নমত প্রকাশের স্বাধীনতা ও মুক্তবুদ্ধি চর্চার পাদপীঠ। কিন্তু দুঃখজনক হলেও সত্য, বর্তমান প্রশাসনের আমলে ঢাকা বিশ্ববিদ্যালয় তার এ ঐতিহ্য হারাতে বসেছে। বিশ্বদ্যিালয় প্রশাসনের সর্বত্র একদলীয় নিয়ন্ত্রণ পাকাপোক্ত করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের হল এবং ক্যাম্পাসে সকল দলমতের শিক্ষার্থীদের শান্তিপূর্ণ সহাবস্থান আজকে কল্পনার বিষয়ে পরিণত হয়েছে। প্রশাসন সমর্থক ছাত্র সংগঠনের সংকীর্ণ দলীয় দৃষ্টিভঙ্গি ও ব্যক্তিগত আক্রোশে অনেক নিরীহ শিক্ষার্থী নিপীড়ন নির্যাতনের শিকার হয়ে হল ছাড়তে বাধ্য হচ্ছে। অনেক শিক্ষার্থীর পক্ষে নিয়মিত ক্লাস ও পরীক্ষায় অংশগ্রহণ করা সম্ভব হচ্ছে না। ফলে তাদের শিক্ষা জীবন ব্যাহত হচ্ছে। এ বিষয়ে অনেকবার প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করা হলেও কর্তৃপক্ষ ক্যাম্পাসে শান্তিপূর্ণ সহাবস্থানের পরিবেশ সৃষ্টির ব্যাপারে আজ পর্যন্ত কোনো কার্যকর উদ্যোগ গ্রহণ করেনি। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের উদাসীনতার কারণে ক্ষমতাসীন দলের সমর্থক ছাত্র সংগঠনের দৌরাত্ম্য ক্রমশ বেড়েই চলছে। আমরা এ অবস্থার অবসান চাই। আমরা চাই দল-মত নির্বিশেষে সকল শিক্ষার্থী যেন শান্তিপূর্ণ পরিবেশে তাদের স্বাভাবিক শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে পারে। তাই বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় এবং এর সুমহান গণতান্ত্রিক ঐতিহ্য অক্ষুণ্ন রাখার স্বার্থে অবিলম্বে হল এবং ক্যাম্পাসে দল-মত নির্বিশেষে সকল শিক্ষার্থীর শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিতকরণে কর্তৃপক্ষের কাছে পুনরায় জোর দাবি জানাচ্ছি। বিবৃতিদাতা শিক্ষকরা হলেন- সাদা দলের যুগ্ম আহ্বায়ক প্রফেসর ড. মোঃ আমিনুর রহমান মজুমদার, প্রফেসর ড. মোঃ সিরাজুল ইসলাম, প্রফেসর ড. আ ফ ম ইউসুফ হায়দার, প্রফেসর সৈয়দ আবুল কালাম আজাদ, প্রফেসর ড. তাজমেরী এস এ ইসলাম, প্রফেসর ড. মোঃ আখতার হোসেন খান, প্রফেসর ড. লায়লা নূর ইসলাম, প্রফেসর ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, প্রফেসর ড. ছিদ্দিকুর রহমান নিজামী, প্রফেসর ড. এ বি এম ওবায়দুল ইসলাম, প্রফেসর ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন, প্রফেসর ড. আ কা ফিরোজ আহমদ, প্রফেসর হোসনে আরা বেগম, প্রফেসর ড. মামুন আহমেদ, প্রফেসর লুৎফুর রহমান, প্রফেসর ড. আবুল হাসনাত, প্রফেসর ড. আবদুর রশিদ, প্রফেসর ড. সুকোমল বড়ুয়া, প্রফেসর ড. মোঃ আবুল বাশার, প্রফেসর ড. মোর্শেদ হাসান খান, প্রফেসর মোঃ আতাউর রহমান বিশ্বাস, প্রফেসর আহমেদ জামাল আনোয়ার প্রমুখ।